



# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/যশোর-২৬৯/ ১৭৪৬/৭)

তারিখ :- ২৬/০৩/২০১৭ খ্রিঃ

বিষয় : তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

তাগিদপত্র-২

সূত্র : নং- বামাশিবো/প্রশা/যশোর-২৬৯/৪৬/৪; তারিখঃ ২১/০১/২০১৫

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, যশোর জেলার কেশবপুর উপজেলাধীন মেহেরপুর দাখিল মাদরাসার ম্যানেজিং কমিটি সভাপতি এবং সুপার জনাব মোঃ এখলাছুর রহমান এর বিরুদ্ধে জনৈক মোঃ সাইদুর রহমান একখানা অভিযোগ দাখিল করেন। অভিযোগে সুপারের বিরুদ্ধে কামিল পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পূর্বেই সুপার পদে যোগদান, মাদরাসার প্রাথমিক পাঠদান অনুমতির জন্য অন্যের জমি মাদরাসার নামে দেখানো, যেসকল জমি মাদরাসার নামে দেখানো হয়েছে তা জাল দলিলের মাধ্যমে জোরদখল করার চেষ্টা, মোটা অংকের টাকার বিনিময়ে কৃষি শিক্ষক নিয়োগ, নিয়োগ দেয়ার কথা বলে লোকদের নিকট থেকে উৎকোচ গ্রহণসহ বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির বিষয়ে উল্লেখ করা হয়েছে (কপি সংযুক্ত)। অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য ইতোপূর্বে এ দপ্তর হতে পত্র প্রেরণ করা হয়েছে কিন্তু অদ্যাবধি কোন প্রতিবেদন পাওয়া যায়নি।

বর্ণিত অবস্থায় অভিযোগের বিষয়সমূহ সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক.....(.....) পাতা।

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন : ৯৬১২৮৫৮

প্রাপকঃ পরিচালক  
পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

নং- বামাশিবো/প্রশা/যশোর-২৬৯/ ১৭৪৬/২)

তারিখ :- ২৬/০৩/২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :-

১. জেলা প্রশাসক, যশোর।
২. উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর।
৩. জেলা শিক্ষা অফিসার, যশোর।
৪. উপজেলা-মাধ্যমিক শিক্ষা অফিসার, কেশবপুর, যশোর।
৫. সুপার, মেহেরপুর দাখিল মাদরাসা, ডাকঘর- গোপসেনা, কেশবপুর, যশোর।
৬. সভাপতি ম্যানেজিং কমিটি, মেহেরপুর দাখিল মাদরাসা, ডাকঘর- গোপসেনা, কেশবপুর, যশোর।
৭. জনাব মোঃ সাইদুর রহমান, পিতা- মোঃ জহির উদ্দিন মোড়ল  
গ্রাম- মেহেরপুর, ডাকঘর- গোপসেনা, কেশবপুর, যশোর।
৮. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন : ৯৬৭৪৮৭৪